

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৮৭

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (کِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ জিহাদে যারা শহীদ হবেন, তাদের ক্ষেত্রে ওয়াজিব হলো তাদের রক্তগুলো ধুয়ে ফেলা হবে না এবং তাদের
জানাযার সালাত আদায় করা হবে না

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الشُّهَدَاءَ الَّذِينَ مَاتُوا فِي الْمَعْرَكَةِ يَجِبُ أَنْ لَا يُغَسَّلُوا عَنْ دِمَائِهِمْ وَلَا يُصلَلَّى عَلَيْهِمْ

আরবী

3187 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهِبٍ قَالَ: أَخْبَرَنِي اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ كَعْبِ بْنِ مَالِكٍ أَنَّ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ أَخْبَرَهُ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَجْمَعُ بَيْنَ الرَّجُلَيْنِ مِنْ قَتْلَى أُحدٍ اللَّهِ أَخْبَرَهُ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَجْمَعُ بَيْنَ الرَّجُلَيْنِ مِنْ قَتْلَى أُحدٍ فِي قُولُ: (أَيُّهُمَا أَكْثَرُ أَخْذًا لِلْقُرْآنِ؟) فَإِذَا أُشِيرَ إِلَى أَحَدهِمَا قدَّمه فِي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَنَا شَهِيدٌ عَلَى هَوُّلَاءِ يَوْمَ الْقِيَامَةِ) وَأَمَرَ بِدَفْنِهِمْ بِدِمَائِهِمْ وَلَمْ يُوسَلِّ عليهم ولم يُغَسَّلوا.

الراوي: جَابِر المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3187 | خلاصة حكم المحدث: صحيح _ ((تخريج فقه السنة)) (أحكام الجنائز)) (184 ـ 185): خ.

বাংলা

৩১৮৭. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উহুদ যুদ্ধের শহীদদের দুইজনকে এক কাপড়ে কাফন করেন। তিনি বলেন, "তাদের মাঝে কে বেশি কুরআন গ্রহণকারী?" অতঃপর যখন একজনের দিকে ইঙ্গিত করা হতো, তখন তিনি তাকে বগলী কবরে সামনে রাখতেন। তিনি বলেন, "আমি এঁদের ব্যাপারে কিয়ামতের দিন সাক্ষ্য দিবো।" তিনি তাদেরকে রক্তসহ দাফন করার নির্দেশ দেন। তিনি তাদের জানাযার সালাত আদায় করেননি এবং তাদের গোসলও দেননি।"[1]



ফুটনোট

[1] আবূ দাউদ: ৩১৩৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২৫৩-২৫৪; সহীহুল বুখারী: ১৩৪৩; তিরমিযী: ১০৩৬; নাসাঈ: ৪/৬২; ইবনু মাজাহ: ১৫১৪; ইবনুল জারুদ: ৫৫২; তাহাবী: ১/৫০১; সুনান বাইহাকী: ৪/৩৪; বাগাবী: ১৫০০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আহকামূল জানাইয়: ১৮৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন